



# আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসা ALIF INTERNATIONAL MADRASAH

ডায়াবেটিস হাসপাতাল মোড়, ১নং উপশহর, সদর, দিনাজপুর।

সূত্র: নোটিশ নং-১০/২০২৬

তারিখ: ০৮/০৩/২০২৬

## ছুটির নোটিশ

আসসালামু আলাইকুম।

এতদ্বারা আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসার সকল শিক্ষার্থী, অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র লাইলাতুল ক্বদর, ঈদ-উল ফিতর ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আগামী ১০ মার্চ'২৬ হতে ২৮ মার্চ'২৬ পর্যন্ত মাদ্রাসা বন্ধ থাকবে। আগামী ২৯ মার্চ'২৬ রোববার থেকে পূর্ববর্তী রুটিনানুসারে নিম্নোক্ত সময় অনুযায়ী যথারীতি একাডেমিক কার্যক্রম চলবে ইনশাআল্লাহ।

২৯ মার্চ'২৬ রোববার থেকে মাদ্রাসার একাডেমিক ক্লাসের সময়সূচী

শ্রেণি	মাদ্রাসা শুরু	মাদ্রাসা ছুটি
প্লে ও নার্সারি	সকাল ৮:৩০ মি.	সকাল ১১:০৫ টা
প্রথম ও দ্বিতীয়	সকাল ১১:২০ মি.	দুপুর ০৩:১৫ মি.
তৃতীয় হতে সপ্তম	সকাল ৮:৩০ মি.	দুপুর ০৩:১৫ মি.

## আবাসিক (একাডেমিক) ও হিফ্জ (আবাসিক ও অনাবাসিক) ছুটির নোটিশ

এতদ্বারা আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসার সকল আবাসিক শিক্ষার্থী ও অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৯ মার্চ'২৬ হতে ২৭ মার্চ'২৬ পর্যন্ত পবিত্র লাইলাতুল ক্বদর, ঈদ-উল আযহা ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মাদ্রাসার নূরানী, নাজেরা, হিফ্জ, একাডেমিক কার্যক্রমসহ আবাসিক বন্ধ থাকবে। আবাসিক সকল ছাত্র/ছাত্রীদের ৯ মার্চ'২৬ দুপুর ২:০০ টায় আবাসিক ত্যাগ করতে হবে এবং ২৮ মার্চ'২৬ বিকাল ৫:০০ টায় আবাসিক-এ ফিরতে হবে। হিফ্জ (অনাবাসিক) শিক্ষার্থীদের ২৯ মার্চ'২৬ রোববার সকাল ৬:৩০ মিনিটে উপস্থিত হতে হবে। উক্ত সময় থেকে পূর্ববর্তী রুটিনানুসারে হিফ্জ বিভাগের সকল কার্যক্রম যথারীতি চলবে ইনশাআল্লাহ।

### শিক্ষার্থীদের জন্য কিছু নির্দেশনাঃ

- ✓ ছুটিতে আনন্দ-উৎসবের মাঝেও সময় বের করে নিয়মিত পড়াশোনা করবে।
- ✓ মোবাইল আসক্তি দূর করতে একাডেমিক পড়ার পাশাপাশি ভালো ভালো বই পড়বে।
- ✓ স্বাস্থ্যের যত্ন নিবে এবং নিয়মিত খেলাধুলা ও ব্যায়াম করবে।
- ✓ ঈদের এই আনন্দঘন সময়ে জাক্ক ফুড গ্রহণ না করাই ভালো।
- ✓ পবিত্র ঈদ উপলক্ষে অস্বচ্ছল আত্মীয়-স্বজনের যথাসম্ভব খোঁজ-খবর নেবে।

বিঃ দ্রঃ ১২ মার্চ'২৬ বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত অফিস খোলা থাকবে।

পরিশেষে সবার প্রতি রইল পবিত্র ঈদ-উল ফিতরের আন্তরিক শুভেচ্ছা-

## ঈদ ম্ববারক

প্রিন্সিপাল

আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসা